

১ম পি-২
৩২/১২/১৬

৩৬/১২/১৬

www.mca.gov.bd

সংস্করণ নং: ১.০০০০.৩০০.২৭.০১২.২০১৮

তারিখ: ০৪/১২/১৬

প্রজ্ঞাপন

যেহেতু, বেগম ফজিলাতুন্নেছা, উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:) নালিতাবাড়ী, শেরপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (ক) ও (খ) বিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে এইউইও/বিমা/১৪/১৮ তারিখ ৩১/০৫/২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৬/০৬/২০১৮ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ১৩/০৮/২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২)(খ) উপবিধি মোতাবেক, বেগম ফজিলাতুন্নেছা, উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:) নালিতাবাড়ী, শেরপুর এর ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হল যা অক্রমবধিষ্ণু (Noncumulative) হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড.মো: আবু হেনা মোস্তফা কামাল, এন.ডি.
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০১২.২০১৮ - ৩৭৮/১৬

তারিখ: ০৪/১২/১৬ ১৪২৫।
১৩/১২/১৬ ২০১৮।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শেরপুর।
৮. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নালিতাবাড়ী, শেরপুর।
৯. বেগম ফজিলাতুন্নেছা, উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:) নালিতাবাড়ী, শেরপুর।
১০. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংরক্ষণ নথি।

মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তঃ ও শঃ)